

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১১৫

৩২/ ফারাইয (ﷺ বাা رسول عن رسول الله عليه)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি অপর এক জনের হাতে ইসলাম গ্রহন করলে।

باب ما جاء في ميراث الذي يسلم على يدي الرجل

আরবী

حَدَّتَنَا أَبُو كُرَيْب، حَدَّتَنَا أَبُو أُسَامَة، وَابْنُ، نُمَيْرٍ وَوَكِيعٌ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ عُمَرَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ وَهْب، عَنْ تَمِيمِ الْعَزِيزِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ وَهْب، عَنْ تَمِيمِ اللَّهَ عِلْمَ الله عليه وسلم مَا السُّنَّةُ فِي الرَّجُلِ مِنْ أَهْلِ السَّرْكِ يُسْلِمُ عَلَى يَدَىْ رَجُلٍ مِنَ الْمُسْلِمِينَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " هُوَ الشَّرِكُ يُسْلِمُ عَلَى يَدَىْ رَجُلٍ مِنَ الْمُسْلِمِينَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " هُو الشَّرِكُ يُسْلِمُ عَلَى يَدَىْ رَجُلٍ مِنَ الْمُسْلِمِينَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " هُو أَوْلَى النَّاسِ بِمَحْيَاهُ وَمَمَاتِهِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَديث عَبْدِ اللَّهِ بْنِ وَهْبِ وَيُقَالُ ابْنُ مَوْهَب عَنْ تَمِيمٍ الدَّارِيِّ . وَقَدْ أَدْخَلَ بَعْضُهُمْ بَيْنَ عَبْدِ اللَّهِ بْنِ وَهْب وَيُقَالُ ابْنُ مَوْهَب عَنْ تَمِيمٍ الدَّارِيِّ . وَقَدْ أَدْخَلَ بَعْضُهُمْ بَيْنَ عَبْدِ اللَّهِ بْنِ وَهْب وَيُقْلُ الْبُنُ مُوهَب عَنْ تَمِيمٍ الدَّارِيِّ قَبِيصَةً بْنَ ذُوغَيْب وَلاَ يَصِحِ ثُرَواهُ يَحْيَى بْنُ حَمْزَةَ عَنْ عَبْدِ اللّهِ عَلْ الْعَلْمِ وَقَالَ الْعِلْمِ وَقَالَ بَعْضُهُمْ يُونَ عَبْدِ يَلْهُ فِي بَيْتِ الْمَالِ وَهُوَ قَوْلُ الْعَلْمِ وَقَالَ بَعْضُهُمْ يُخْعُلُ مِيرَاثُهُ فِي بَيْتِ الْمَالِ وَهُوَ قَوْلُ الشَّافِعِيّ وَاحْتَجَّ بِحَدِيثِ النَّهِ النَّهِ على الله عليه وسلم " أَنَّ الْوَلاَءَ لِمَنْ أَعْتَقَ " .

বাংলা

২১১৫. আবৃ কুরায়ব (রহঃ) তামীম দারী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করেছিলাম, কোন মুশরিক যদি কোন মুসলিমের হাতে ইসলাম গ্রহণ করে তবে এ ক্ষেত্রে বিধান কি? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তার জীবনে ও তার মরণে এ ব্যক্তিই হবে লোকের মাঝে সবচেয়ে তার কাছে নিকটবর্তী। হাসান সহীহ, ইবনু মাজাহ ২৭৫২, তিরমিজী হাদিস নম্বরঃ ২১১২ [আল মাদানী প্রকাশনী]

আবদুল্লাহ ইবন ওয়াহব (রহঃ) এর সূত্র ছাড়া এ হাদীসটি সম্পর্কে আমাদের কিছু জানা নাই। আবদুল্লাহ ইবন মাওহিব-তামীম দারী রাদিয়াল্লাহু আনহুও বলা হয় থাকে।



কেউ কেউ এ সনদে আবদুল্লাহ ইবন মাওহিব এবং তামীম দারী রাদিয়াল্লাহু আনহু-এর মাঝে কাবীসা ইবন যুায়ব (রহঃ) এর নাম বৃদ্ধি করেছন। ইয়াহইয়া ইবন হামযা (রহঃ) এটিকে আবদুল আযীয ইবন উমার রাদিয়াল্লাহু আনহু-এর সূত্রে রিওয়ায়াত করেছেন। এতে তিনি কাবীসা ইবন যুাআয়ব-এর নাম অতিরিক্ত উল্লেখ করেছেন। আমার মতে এ সনদ মুক্তাসিল নয়।

কতক আলিমের এতদনুসারে আমল রয়েছে আর কতক আলিম বলেনঃ তার মীরাছ বায়তুল মালে জমা হবে। এ হল ইমাম শাফিঈ (রহঃ) এর মত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিম্নোক্ত হাদীসটি তিনি দলীল হিসাবে গ্রহণ করে থাকেন; "যে আযাদ করবে সেই হবে আযাদকৃতের পরিত্যাগ সম্পত্তির অধিকারী"।

English

Abudullah bin Mawhab - and some of them said- 'Abdullah bin Wahb, narrated from Tamim Ad-Dari who said:

'I asked the Messenger of Allah(S.A.W): What is the Sunnah regarding a man among the people of the Shirk who accepts Islam at the hand of a man among the Muslims?' So the Messenger of Allah(S.A.W) said: "He is the closet of the people to him in his life and in his death.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ তামীম আদু দারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন